



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : www.bise-ctg.gov.bd



স্মারক নং-চশিবো/পরী-মাধ্য/পরি-১১/২০২২(অংশ-৯)/২১৮৮(২)

তারিখ : ১০/০১/২০২৩ খ্রিঃ


২০২২ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ সংক্রান্ত

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম-এর আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমূহের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বিতরণ করা হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রাধিকার প্রাপ্ত কোন শিক্ষকের (শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না) মাধ্যমে বর্ণিত তারিখে অফিস চলাকালে শিক্ষাবোর্ড ভবনের ২য় তলা (২০২ নম্বর কক্ষ) থেকে অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার জন্য অনুরোধ করা হল। অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সংখ্যা গুণে গ্রহণ করতে হবে এবং কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে মাধ্যমিক শাখা থেকে সংশোধন করে নিতে হবে।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখে অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করতে না পারলে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করতে হবে।

ক্রমিক	জেলার নাম	তারিখ
০১	চট্টগ্রাম মহানগর ও খাগড়াছড়ি ও বান্দরবান জেলা	১৭/০১/২০২৩
০২	চট্টগ্রাম উত্তর ও কক্সবাজার জেলা	১৮/০১/২০২৩
০৩	চট্টগ্রাম দক্ষিণ জেলা ও রাঙ্গামাটি জেলা	১৯/০১/২০২৩


পরীক্ষা নিয়ন্ত্রক ১০/০১/২৩

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪, ফ্যাক্স : ০২৩৩৪৪৫৩১৫১।

Email : ce @ bise-ctg.gov.bd


১০.১.২৩